

## ভর্তি

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাস্টার্সে প্রাথমিক ভর্তি আবেদন ১৮ মার্চ, ক্লাস শুরুর তারিখ নির্ধারণ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৮ মার্চ ২০২৫, ১০: ৩১



জাতীয় বিশ্ববিদ্যালয় ছবি : সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত ভর্তি কার্যক্রমের [অনলাইন প্রাথমিক আবেদন ১৮ মার্চ](#) শুরু হবে। ওই দিন বিকেল চারটায় শুরু হবে ভর্তির কার্যক্রম। এ কার্যক্রম চলবে আগামী ১০ এপ্রিল দিবাগত রাত ১২টা পর্যন্ত। এ শিক্ষা কার্যক্রমে ভর্তি শিক্ষার্থীদের ক্লাস আগামী ৫ মে থেকে শুরু হবে।

☞ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অ্যাস্পায়ার লিডারস প্রোগ্রাম, আইইএলটিএস ছাড়াই আবেদন

গতকাল সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের [ভর্তিবিষয়ক ওয়েবসাইট \(www.nu.ac.bd/admissions\)](http://www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০ টাকা আবেদন করা কলেজে ১৩ এপ্রিলের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ফি কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অথবা সরাসরি দেওয়া যাবে। এ ভর্তি কার্যক্রমের সব তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে পাওয়া যাবে।

২০২২-২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশনের সময়সূচি পরবর্তী সময় ভর্তিবিষয়ক ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

☞ বিনা মূল্যে আইটি প্রশিক্ষণে নতুন বিজ্ঞপ্তি, ২ লাখ টাকার কোর্স শেষে কর্মসংস্থান, যাদের সুযোগ<br>

